

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
ছাত্র-ছাত্রীদের টিকাদান
দ্বিতীয় ডোজ সংক্রান্ত নির্দেশাবলী

কাদের দেয়া হবে :

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজের ২০১৯-২০ শিক্ষা বর্ষ হতে তদুর্ধ্ব শিক্ষার্থী সরকারি ম্যাটস ও সরকারি আইএসটি সমূহের শিক্ষার্থী।

কী টিকা দেয়া হবে:

'সিনোফার্ম' ছাত্র-ছাত্রীদের জন্য অগ্রাধিকার ভিত্তিতে শুরু হয়ে এখনও চলমান আছে।

কখন দেয়া হবে:

প্রথম ডোজ গ্রহণের ০৪ সপ্তাহ(২৮দিন) পর হতে যে কোন দিন, সর্বোচ্চ ০৬ সপ্তাহের মধ্যে দ্বিতীয় ডোজ গ্রহণ নিশ্চিত করতে হবে।

২৫ জুলাই ২০২১ হতে শুরু করার সিদ্ধান্ত নেয়া আছে(দেশের করোনা পরিস্থিতির বিবেচনায় নিতে হতে পারে)।

প্রথম ডোজ গ্রহণ করতে পারে নাই এমন ছাত্র-ছাত্রীরা টিকা নিতে পারবে।

কোথায় দেয়া হবে:

প্রথম ডোজ গ্রহণের নির্ধারিত টিকা কেন্দ্রেই টিকা গ্রহণ করতে হবে। সুরক্ষা অ্যাপসে বা অনলাইনে নিবন্ধিত ছাত্র-ছাত্রীরা পছন্দের কেন্দ্রে টিকা নিতে পারবে।

যৌক্তিক কারণে টিকা কেন্দ্র পরিবর্তনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট ফোকাল পার্সনরা সমন্বয় করে বাস্তবায়ন করবেন।

রেজিস্ট্রেশন কিভাবে করা হবে:

অনেক কলেজের বেশ কিছু ছাত্র-ছাত্রীর প্রাপ্ত এনআইডি ডাটা আইসিটি ডিভিশন ইতিমধ্যে অনলাইন ইনপুট দিয়েছে এবং চলমান আছে। যে সব ছাত্র-ছাত্রীরা সুরক্ষা অ্যাপসে বা অনলাইনে রেজিস্ট্রেশন করতে পারছেন তাদের ডাটা ইতিমধ্যে ইনপুট দেয়া হয়েছে এবং যারা পারছেন না তাদের ডাটা ইনপুট হয়নি বা তাদের কলেজ থেকে চাহিত তথ্য পাঠানো হয়নি।

পছন্দের কেন্দ্রে টিকা নিতে চাইলে অ্যাপসে বা অনলাইন রেজিস্ট্রেশনে কেন্দ্রের আশেপাশের ঠিকানা ব্যবহার করতে হবে।

এনআইডি এখনও তৈরী হয়নি বা রেজিস্ট্রেশন করা যায়নি এমন ছাত্র-ছাত্রীরা প্রথম ডোজের মতই ম্যানুয়াল পদ্ধতিতে কলেজের পরিচয় পত্র/ সনাক্তকরণের মাধ্যমে টিকা গ্রহণ করবে।

প্রথম ডোজ/দ্বিতীয় ডোজ কিভাবে ইনপুট দেব:

যেহেতু প্রথম ডোজ রেজিস্ট্রেশন ব্যতীত ছাত্র-ছাত্রীদের প্রদান করা হয়েছে সেহেতু অনলাইন রেজিস্ট্রেশন দ্বিতীয় ডোজকে প্রথম ডোজ হিসাবে দেখাবে। প্রথম ডোজের ডাটা এন্ট্রি না হওয়া পর্যন্ত ম্যানুয়ালি তা মেনটেন করতে হবে।

টিকা সনদ কিভাবে পাব:

প্রথম ও দ্বিতীয় ডোজের ডাটা ইনপুট পরিপূর্ণভাবে দেয়ার পর টিকা সনদ পাওয়া যাবে। টিকা সনদ পেতে সঠিক ডাটা এন্ট্রি অত্যাৱশ্যক, ফলে বিলম্ব হতে পারে। ছাত্র-ছাত্রীদের টিকা সনদের চেয়ে দ্রুত সুরক্ষিত করাকে অগ্রাধিকার দেয়া হয়েছে।

পুনশ্চঃ প্রথম ডোজ টিকাদান ব্যাপক সাফল্য নিয়েই আমাদের প্রাণিত করে, সেই ধারাবাহিকতায় নতুন সমস্যা বা সীমাবদ্ধতা অতিক্রম করে নিরাপদ ক্লাসরুমের সুনির্দিষ্ট গন্তব্যে আমরা পৌঁছাবই।